৪৮

তারিখ ... 16 MAY 1997 ...
পৃষ্ঠা: ৩ কলাম ৭ ...

দৈনিক বাংলা

# অক্টোবরে ডাকসু নির্বাচন ঃ জোর প্রস্তুতি চলছে

**মুজতবা খন্দকার ঃ** আগামী অক্টোবর মাসে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রছাত্রী সংসদ ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয়ের একটি নির্ভরযোগ্য সূত্র জানান, কর্তৃপক্ষ এই তারিখে নির্বাচনের জন্য জোর প্রস্তুতি শুরু করেছে। এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের বৃহস্পতিবার অনুষ্ঠিত সভায় ছাত্রদল বাদে সকল ছাত্র সংগঠন ডাকসু ভেঙ্গে দেয়ার পক্ষে মত প্রকাশ করেছে। ছাত্রদল সভায় প্রক্টরের উপস্থিতির প্রতিবাদে সভা থেকে ওয়াক আউট করে।

বৃহস্পতিবার ভাইস চ্যান্সেলর-এর অফিস মিলনায়তনে সকল হলের প্রভোস্ট, প্রক্টর এবং সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের উপস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের সভা অনুষ্ঠিত হয়।

পরিষদের সভা শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবুল কালাম আজাদ চৌধুরী সাংবাদিকদের ব্রিফিং প্রদান করেন। প্রেস ব্রিফিং-এ ভিসি জানান, সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি এবং ডাকসু নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে ছাত্রনেতাদের সঙ্গে খোলাখুলি আলোচনা করেন। ভিসি জানান, সকল ছাত্র সংগঠনই নির্বাচনের পক্ষে ডাকসু ভেঙ্গে দেয়ার দাবী করেছে।

এদিকে সভায় অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের একজন নির্ভরযোগ্য কর্মকর্তা জানান, আগামী অক্টোবর মাসে ডাকসু নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে সার্বিক পরিস্থিতি যা সভায় ভিসি ছাত্রনেতাদের জানিয়েছেন।

এদিকে গত ৮ মে ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাসী ঘটনা তদন্তের জন্য একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠিত হয়েছে।